# পরিচালকবৃন্দের প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রহ্‌মানির রহিম

**ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভায় সংযুক্ত সম্মানিত শেয়ারহোল্ডারগণ, পরিচালকমন্ডলী, সহকর্মী ও অতিথিবৃন্দ।**

আস্‌সালামু আলাইকুম।

আজিজ পাইপস্ লিমিটেড এর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ৪২তম ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি এবং ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত অর্থবছরে নিরীক্ষকের প্রতিবেদন, নিরীক্ষিত আর্থিক বিবরণী ও পরিচালকবৃন্দের প্রতিবেদন উপস্থাপন করছি।

**১। কোম্পানির কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পর্যালোচনা ঃ**

আজিজ পাইপস্ লিমিটেড গুনগত মাণসম্পন্ন ইউপিভিসি পাইপ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে বিগত ৩৮ বছর যাবত উৎপাদন কার্যক্রম পরিচালনা করে আসছে। বৈশ্বিক পরিস্থিতি ও বিশ্ব অর্থনীতিতে বিরূপ প্রভাবে কোম্পানির সংকট বেড়ে যাচ্ছে। আপনারা অবগত আছেন যে, বিগত ২০১৬-১৭ থেকে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত কোম্পানি মুনাফা অর্জন করায় যথাক্রমে ৫% স্টক, ৫% স্টক এবং ৭% নগদ ১% নগদ লভ্যাংশ প্রদান করেছে। বিগত বছরগুলোতে সুষ্ঠুভাবে কোম্পানির কার্যক্রম পরিচালিত হলেও করোনা ভাইরাসের প্রাদূর্ভাব, যুদ্ধ পরিস্থিতি, চলতি মূলধনের অভাব, আমদানি বন্ধ থাকায় স্থানীয় বাজার থেকে বাকীতে কাঁচামাল সরবরাহে ধারাবাহিকতা না থাকায় উৎপাদন ও বিক্রয় কার্যক্রম স্থবির হয়ে পড়েছিল, ফলে কোম্পানি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। কোম্পানির ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত অর্থবছরে ৩,৬৭,১১,৯৭৭/- টাকা নীট লোকসান হয়েছে। তাছাড়া কোম্পানি ঋণখেলাপী হওয়ায়, চলতি মূলধনের অভাব, ঋণ দায়গ্রস্থসহ নানা প্রতিকুলতার সম্মূখীন হলেও উৎপাদন কার্যক্রম পরিচালিত হচ্ছে।

**২। আর্থিক ফলাফল ঃ**

৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত বছরের আর্থিক ফলাফল এবং পাঁচ বৎসরের আর্থিক ফলাফলের একটি তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলো ঃ

(টাকায়)

| বিবরণ | ৩০ জুন ২০২৩ | ৩০ জুন ২০২২ | ৩০ জুন ২০২১ | ৩০ জুন ২০২০ | ৩০ জুন ২০১৯ (Restated) |
|---|---|---|---|---|---|
| ১। বিক্রয় | ৫,৯২,১০,২৭৪ | ১,৫৫,৭৭,৭২৯ | ১৫২,৩৮৭,৯১৫ | ২২৭,০৭৫,৬৮৭ | ৩১১,১৩০,৯৪২ |
| ২। বাদঃ বিক্রিত পণ্যের ব্যয় | ৮,০২,৩৩,৮৩৯ | ২৯,৪৬,৩৩৭ | ১৩৪,৯৫৩,১১৩ | ১৯৫,৪৪১,১০২ | ২৭৪,৭৩৩,৯৩৭ |
| ৩। মোট লাভ/ক্ষতি (১-২) | (২,১০,২৩,৫৬৫) | (১,২৬,৩১,৩৯২) | ১৭,৪৩৪,৮০২ | ৩১,৬৩৪,৫৮৫ | ৩৬,৩৯৭,০০৫ |
| ৪। বাদঃ পরিচালন খরচ | ১,৫৫,৬৭,৩০১ | ১,৩০,৯৩,৪৯৬/- | ২২,৭০৯,২৮৯ | ২৯,৪১৬,১২৪ | ২৯,৭৯৬,৬৫৩ |
| ৫। পরিচালন লাভ/(ক্ষতি) (৩-4) | (৩,৬৫,৯০,৮৬৬) | (২,৫৭,২৪,৮৮৭) | ৫,২৭৪,৪৮৭) | ২,২১৮,৪৬১ | ৬,৬০০,৩৫২ |
| ৬। প্রাক উৎপাদন খরচ সমন্বয় | - | - | - | - | - |
| ৭। বাদঃ শ্রমিকদের মুনাফা তহবিল | - | - | - | ১০৫,৯৪৬ | ২৬২,১২০ |
| ৮। বাদঃ আয়কর সঞ্চিতি | ৭২,৬২৪ | (১৫,৮৪,৬৪৯) | (১,১১৮,২৯৫) | ৭২৭,৫৯৬ | ১,২২২,৫৮১ |
| ৯। পূর্ববর্তী বছরের সমন্বয় | - | - | - | - | ২৫৭,৫৬৪ |
| ১০। নীট লাভ/(ক্ষতি) | (৩,৬৭,১১,৯৭৭) | (২,৪২,৮৭,২২২) | (৪,৩৯৩,৩০৭) | ১,৩৯১,৩১৮ | ৪,৮৬১,৬২৯ |
| ১১। শেয়ার প্রতি আয় | (৬.৮৭) | (৪.৪৫) | (০.৮২) | .২৬ | .৯১ |

৩। **নীট লোকসান ঃ** ২০২২-২০২৩ আর্থিক বছরে কোম্পানির ৩,৬৭,১১,৯৭৭/- টাকা নীট লোকসান হয়েছে।

৪। **লভ্যাংশঃ** ২০২২-২০২৩ আর্থিক বছরে কোম্পানি ৩,৬৭,১১,৯৭৭/- টাকা নীট লোকসান করেছে। এবছরে নীট লোকসান হওয়ায় পুঞ্জীভূত লোকসানের পরিমান ৫১৫,১৯১,৩২১/- টাকা। ফলে এ আর্থিক বছর লভ্যাংশ ঘোষণা করা হয়নি।

৫। **অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঃ** চলতি বছরে অন্তর্বর্তীকালীন সময়ে লভ্যাংশ প্রদানের মত মুনাফা অর্জিত না হওয়ায় অন্তর্বর্তীকালীন লভ্যাংশ প্রদান করা হয়নি।

৬। **পরিকল্পনা বাস্তবায়নঃ** পরিচালনা পর্ষদে কোম্পানির উন্নয়নকল্পে গৃহীত পরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নে বর্ণিত হলঃ

ক) পরিচালন ব্যয় কমানোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যা এখনও অব্যাহত আছে। নির্দিষ্ট সংখ্যক জনবল কাজ করায় বেতন ভাতাদি কমার ফলে আর্থিক সাশ্রয় হয়েছে।

খ) ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এর জারী মামলা চলাকালীন সময়ে যথাযথ হিসাব বিবরণীর জন্য আবেদন করা হয়েছে।

গ) উত্তরা ব্যাংক লিঃ এর ঋণ পুনঃতফসিলিকরণের জন্য বিআরপিডি সার্কূলার নং-৫ মোতাবেক আবেদন করলে তা না মঞ্জুর হলে, আপীল বিভাগে আপীল করা হয়েছে।

৭। **ভবিষ্যৎ পরিকল্পনাঃ** কোম্পানির কার্যক্রম বৃদ্ধি এবং প্রতিবন্ধকতা দূর করে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পর্ষদে ২০২৩-২০২৪ আর্থিক বছরের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক) ঋণ পুনঃতফসিলিকরণ, চলতি মূলধন/তহবিল সংগ্রহের ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

খ) CIB এর রিপোর্ট অনুকূলে না থাকায় নিজস্ব উদ্যোগে কাঁচামাল আমদানীর ক্ষেত্রে অন্তরায় সৃষ্টি হয়েছে তা সমাধানের চেষ্টা চালিয়ে যাওয়া।

গ) কোম্পানির উৎপাদন কার্যক্রম গতিশীল রাখার জন্য পরবর্তীতে কোম্পানির স্থাপনা, জমি ও মেশিনারীজসমূহের BMRE এর পদক্ষেপ গ্রহণ করা হবে।

পরিকল্পনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ দূরীভুত করার প্রচেষ্টা অব্যাহত রাখা, এবং কোম্পানির কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে।

৮। **আগামি আর্থিক বছরের প্রত্যাশাঃ** কোম্পানির চলতি মূলধনের ব্যবস্থা করা, স্থানীয় সরবরাহকারীগণ এর নিকট থেকে বাকিতে কাঁচামাল সংগ্রহ করে উৎপাদনের ধারাবাহিকতা বজায় রেখে ব্যাংকের ঋণ পুনঃতফসিলিকরণসহ CIB তালিকা থেকে কোম্পানির নাম বাদ দেয়ার উদ্যোগ গ্রহণ করা। বর্তমান বাস্তবতায় প্রত্যাশা পুরণে প্রতিবন্ধকতা থাকলেও কোম্পানির সর্বাত্নক প্রচেষ্টা থাকবে তার কার্যক্রম অব্যাহত রাখা।

৯। **কোম্পানির পণ্যসমূহ ঃ** ইউপিভিসি পাইপ ও পিভিসি প্রোফাইল।

১০। **বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষন, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফা ঃ**

ক) **বিক্রিত পণ্যের ব্যয় ঃ** চলতি বছরে বিক্রিত পণ্যের ব্যয় ছিল ৮০২,৩৩,৮৩৯/- টাকা যা বিগত বছরে ছিল ২৮,২০৯,১২১/- টাকা। চলতি বছরের প্রথম প্রান্তিকে উৎপাদন কার্যক্রম বন্ধ থাকার কারণে এবং স্থানীয় বাজার থেকে বাকিতে তুলনামূলক বেশী দরে কাঁচামাল ক্রয় করা হয়। পরবর্তীতে আন্তর্জাতিক বাজারে কাঁচামালের দর কমে যাওয়ায় উৎপাদিত পণ্য কম দরে বিক্রয় করায় উৎপাদন খরচের চেয়ে বিক্রয় মূল্য কম হওয়ায় বিক্রয়ের পরিমান বেশী হলেও বিক্রিত পণ্যের ব্যয় বেড়েছে ৫২,০২৪,৭১৮/- টাকা।

খ) **মোট মুনাফা ঃ** ৩০ শে জুন ২০২৩ সমাপ্ত অর্থবছরে মোট বিক্রয় করেছে ৫৯,২১০,২৭৪/- টাকা। গত বছরের বিক্রয়ের পরিমান ছিল ১৫,৫৭৭,৭২৯/- টাকা। এ বছর মোট ক্ষতি হয়েছে ২১,০২৩,৫৬৫/- টাকা, যা গত বছর ক্ষতি ছিল ১২,৬৩১,৩৯২/- টাকা। এ বছর কোন মুনাফা অর্জিত হয়নি।

গ) **নীট মুনাফা/লোকসান ঃ** চলতি বছর কর পরবর্তী নীট লোকসান হয়েছে ৩,৬৭,১১,৯৭৭ টাকা। গত বছরের চেয়ে বিক্রীত পণ্যের ব্যয় বৃদ্ধি পাওয়ায় এবছর নীট লোকসান বৃদ্ধি পেয়েছে ১২,৪২৪,৭৫৫/- টাকা।

১১। **উৎপাদিত পণ্যের ব্যয় ঃ** নিজস্ব উদ্যোগে সরাসরি L/C খুলে কাঁচামাল আমদানী করার সুযোগ না থাকায় স্থানীয় সরবরাহকারীর নিকট থেকে বাঁকিতে তুলনামূলক বেশী মূল্যে কাঁচামাল ক্রয় করার কারণে উৎপাদিত পণ্যের ব্যয়ের (COGS) হার তুলনামূলকভাবে বেশী হয়।

১২। **খাতওয়ারি অথবা পণ্য ভিত্তিক ফলাফল ঃ** ইউপিভিসি এবং এএসটিডি পাইপ-৩৬৭ মেঃটন, থ্রেড পাইপ-৬ মেঃটন এবং প্রোফাইল-১ মেঃ টন সর্বমোট= ৩৭৪ মেঃটন। করোনা প্রাদুর্ভাব ও কোম্পানির উৎপাদন ও বিক্রয় কার্যক্রম বন্ধ থাকায় লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি।

১৩। **গত বছরের পরিচালনগত ফলাফলের সহিত চলতি বছরের ব্যবধান ঃ** গত বছরের তুলনায় চলতি বছরে বিক্রয় কিছুটা বৃদ্ধি পেলেও উৎপাদন খরচ বেশী হওয়ায় গত বছরের তুলনায় এরূপ ব্যবধান পরিলক্ষিত হয়েছে।

১৪। **মূলধনী বিনিয়োগ ঃ** কোম্পানির উৎপাদন অব্যাহত রাখার জন্য চলতি বছরে প্রায় ৮.২৭ লক্ষ টাকার মূলধনী সহায়ক যন্ত্রপাতিতে বিনিয়োগ হয়েছে।

১৫। **অস্বাভাবিক লাভ বা ক্ষতি ঃ** কোভিড-১৯ প্রাদূর্ভাব পরবর্তী বিশ্ব অর্থনৈতিক অবস্থা কারখানায় উৎপাদন কার্যক্রম এবং বিক্রয় ব্যাহত হওয়ায় অস্বাভাবিক ক্ষতি হয়েছে প্রায় ১.২৫ কোটি টাকা।

১৬। **অবন্টিত/অদাবীকৃত লভ্যাংশ এর টাকা "ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ডে" জমা প্রদানঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ১৪ জানুয়ারী ২০২১ তারিখের নির্দেশনা নং-বিএসইসি/সিএফআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বিধি ২০২১ অনুযায়ী কোম্পানির তিন বছর (২০১৯-২০২০) পূর্বের অবন্টিত/অদাবীকৃত লভ্যাংশের মোট ৪৮,২৯৩/- টাকা ২৯-১০-২০২৩ তারিখে "ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড" (CMSF), এ জমা প্রদান করা হয়েছে। অবন্টিত/অদাবীকৃত শেয়ারহোল্ডারদের নামের তালিকা কোম্পানির Website এ দেওয়া হয়েছে।

১৭। **আন্তঃসম্পর্কিত কোম্পানির লেনদেনসমূহ ঃ** এ বছর আন্তঃসম্পর্কিত কোন লেনদেন সম্পন্ন হয়নি।

১৮। **কোম্পানির কর্পোরেট প্রতিবেদন ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশনের দিক নির্দেশানুযায়ী পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণকে নিশ্চিত করছে যে,

(ক) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী পরিষ্কারভাবে এর কাজের অবস্থা, ফলাফল ও অর্থ প্রবাহের অবস্থা স্বচ্ছতার সাথে তুলে ধরা হয়েছে।

(খ) কোম্পানির হিসাব যথাযথভাবে নথিভূক্ত করা হয়েছে এবং সেগুলি সংরক্ষিত রয়েছে।

(গ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার ক্ষেত্রে যথাযথ নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং সে বিবরণীসমূহ বিচক্ষণতার সাথে সম্পন্ন করা হয়েছে।

(ঘ) বাংলাদেশের জন্য গৃহীত আন্তর্জাতিক হিসাব মান (IAS) এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS) অনুসরণ করে আর্থিক বিবরণীসমূহ তৈরী করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তা যথাযথভাবে প্রকাশ করা হয়েছে।

(ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সঠিকভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষণ করা হয়েছে।

(চ) কোম্পানি একটি চলমান প্রকল্প হিসেবে চালু রয়েছে। নিরীক্ষিত হিসাব বিবরণীর টিকা-১.৭

(ছ) এ প্রতিবেদনে গত বৎসরের পরিচালন ফলাফল থেকে তাৎপর্যপূর্ণ বিচ্যুতির উপর আলোকপাত করা হয়েছে এবং তার কারণসমূহ ব্যাখ্যা করা হয়েছে।

(জ) পূর্ববর্তী পাঁচ বছরের আর্থিক ও পরিচালনার প্রধান তথ্যগুলি যথাযথভাবে পরিচালকবৃন্দের প্রতিবেদনের ২নং টিকায় সন্নিবেশিত হয়েছে।

(ঝ) ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত অর্থবছরে পরিচালনা পর্ষদের মোট ৬টি সভা অনুষ্ঠিত হয়েছে, সভায় পরিচালকবৃন্দের উপস্থিতির বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রমিক নং | পরিচালকগনের নাম | পদবী | সভা | উপস্থিতি |
|---|---|---|---|---|
| ০১ | জনাবা হাছিনা আক্তার | আইসিবি মনোনীত চেয়ারম্যান | ৬ | ৩ |
| ০২ | জনাব মোহাঃ আব্দুল হালিম | উদ্যোক্তা পরিচালক | ৬ | ৬ |
| ০৩ | জনাব মোঃ আহসান উল্লাহ্ | উদ্যোক্তা পরিচালক | ৬ | ৬ |
| | ইঞ্জিঃ শাহজাহান শিকদার | বিকল্প পরিচালক | | |
| ০৪ | জনাব মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | ৬ | ৬ |
| | জনাব ডঃ আলী আহমেদ হাওলাদার | বিকল্প পরিচালক | | |
| ০৫ | জনাব মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ৬ | ৬ |
| ০৬ | জনাব ডঃ স্বপন কুমার ধর | স্বতন্ত্র পরিচালক | ৬ | ৪ |

আইসিবি মনোনীত কোম্পানির চেয়ারম্যান জনাব হাছিনা আক্তার কে আইসিবি কর্তৃক প্রত্যাহার করায় স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ নূরুল হক কে পর্ষদ সভায় কোম্পানির চেয়ারম্যান হিসেবে নিয়োগ করা হয়। জনাব মোঃ নূরুল হক মৃত্যুবরণ করায় তাহার স্থলে স্বতন্ত্র পরিচালক জনাব ডঃ স্বপন কুমার ধর কে পর্ষদ কর্তৃক চেয়ারম্যান নিয়োগ প্রদান করা হয়েছে। যে সকল পরিচালকগণ সভায় উপস্থিত থাকতে পারেননি তাদের ছুটি পর্ষদ কর্তৃক অনুমোদন করা হয়েছে।

(ঞ) শেয়ার হোল্ডিং এর ধরণ নিরীক্ষিত হিসাব বিবরনীর ৯নং টিকায় উল্লিখিত হয়েছে।

i) কোম্পানির কোন সহযোগী প্রতিষ্ঠান নেই।

ii) পরিচালকগণ কর্তৃক ধারণকৃত শেয়ারের পরিমান ১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত নিম্নরূপ ছিল।

| পরিচালকগণের নাম | পদবী | শেয়ার সংখ্যা | শতাংশ হার (%) |
|---|---|---|---|
| জনাব মোহাঃ আব্দুল হালিম | উদ্যোক্তা পরিচালক | ১১০৪৪২ | ২.০৭ |
| জনাব মোঃ আহসান উল্লাহ্ | উদ্যোক্তা পরিচালক | ২২৮২৯৮ | ৪.২৭ |
| জনাব মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | ২৫৭৭৯০ | ৪.৮২ |
| আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড | পরিচালক | ১২৪৬৩০ | ২.৩৩ |
| হাছিনা আক্তার | আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড মনোনীত পরিচালক | ০ | ০ |
| জনাব মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |
| জনাব জনাব ড. স্বপন কুমার ধর | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |

উল্লেখ্য আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড শেয়ার বিক্রয় করায় তাদের শেয়ার ধারণ মোট পরিশোধিত শেয়ারের ২ শতাংশের কম হওয়ায় বর্তমানে প্রাতিষ্ঠানিকভাবে আইসিবি এবং তাদের মনোনীত কোন প্রতিনিধি পরিচালক কোম্পানির পরিচালনা পর্ষদে নেই।

**ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা এবং তাদের স্ত্রীদের কোম্পানির শেয়ার মালিকানার অবস্থান ৩০.০৬.২০২৩ তারিখে নিম্নরূপ ছিল।**

| ক্রমিক নং | নাম | শেয়ারের সংখ্যা | স্ত্রীর নাম | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | এ এইচ এম জাকারিয়া<br>ব্যবস্থাপনা পরিচালক (সি.সি) | ০ | সাবরিনা নাইস | ০ |
| ০২ | মোঃ মকবুল হোসেন<br>সহঃ কোম্পানি সচিব | ০ | রোমেনা বিনতে হক | ০ |
| ০৩ | মোঃ সাইফুল ইসলাম<br>ব্যবস্থাপক (ফাইনান্স এন্ড একাউন্টস) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি) | ০ | সৈয়দা জিনাত আরা | ০ |
| ০৪ | পাভেল আহমেদ<br>অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা | ০ | প্রযোজ্য নয় | ০ |

**iii) পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষক ও কম্প্লায়েন্স কর্মকর্তা ব্যতীত শীর্ষ ৫ (পাঁচ) জন বেতনভুগী কর্মকর্তার শেয়ার মালিকানার অবস্থান ৩০.০৬.২০২৩ তারিখে নিম্নরূপ ছিল ঃ**

| ক্রমিক নং | নাম | পদবী | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তফা কামাল | কারখানা ব্যবস্থাপক | ০ |
| ০২ | মোঃ সিরাজুল ইসলাম | প্রোডাকশন ইনচার্জ | ০ |
| ০৩ | মোঃ রেজাউল ইসলাম | ইনচার্জ (শেয়ার ডিপার্টমেন্ট) | ০ |
| ০৪ | কাজী মোঃ জসীম উদ্দিন | ক্যাশিয়ার | ০ |
| ০৫ | মোঃ মোস্তাকিম | হিসাব রক্ষক | ০ |

রা) প্রতিষ্ঠান বা এককভাবে ১০ শতাংশের বেশী শেয়ার ধারণকারী কোন শেয়ারহোল্ডার বর্তমানে নেই।

**১৯। পরিচালকবৃন্দের অবসর ও পুনর্নির্বাচন ঃ**

i) পরিচালকদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত বার্ষিক প্রতিবেদনের ৭ ও ৮নং পৃষ্ঠায় বর্ণিত রয়েছে।

ii) পরিচালকদের অভিজ্ঞতা তাঁদের জীবন বৃত্তান্তে উল্লেখ রয়েছে।

iii) ২০২২-২০২৩ অর্থবছরে নিম্নলিখিত ব্যক্তিবর্গ কোম্পানির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

| ক্রমিক নং | পরিচালকগনের নাম | পদবী | কার্যকাল | কমিটি পদ |
|---|---|---|---|---|
| ০১ | মোহাঃ আব্দুল হালিম | পরিচালক | উদ্যোক্তা | |
| ০২ | মোঃ আহসান উল্লাহ্ | পরিচালক | উদ্যোক্তা | |
| ০৩ | মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | কার্যক্রম শুরুথেকে পর্ষদে আছেন | |
| ০৪ | মিস্ হাছিনা আক্তার | আইসিবি মনোনীত পরিচালক | ২৮/১০/২০২০ তারিখ থেকে ২৫/০১/২০২৩ তারিখ পর্যন্ত | |
| ০৫ | ডঃ স্বপন কুমার ধর | চেয়ারম্যান স্বতন্ত্র পরিচালক | ২৮/০৪/২০২২ তারিখ থেকে পর্ষদে আছেন | |
| ০৬ | মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ০১/০৬/২০২১ তারিখ থেকে ১৪/০৭/২০২৩ তারিখ পর্যন্ত | চেয়ারপারসন,অডিট কমিটি |
| ০৭ | জামাল উদ্দিন ভূইঁয়া | স্বতন্ত্র পরিচালক | ১৪/০৭/২০২৩ তারিখ থেকে পর্ষদে আছেন | চেয়ারপারসন,অডিট কমিটি NRC |

পরিচালক জনাব মোহাঃ আসাদ উল্লাহ্ কোম্পানির সংঘ বিধির ১২৮ ও ১২৯ ধারা অনুযায়ী পরিচালক পদ থেকে অবসর নিয়েছেন এবং উক্ত বিধির ১৩০ ধারা অনুযায়ী পুনর্নির্বাচনের ইচ্ছা প্রকাশ করেন, যোগ্যবিধায় তাঁকে পুনর্নিয়োগের সুপারিশ করা হ'ল। উল্লেখ্য যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition 1.(2) (e) মোতাবেক স্বতন্ত্র পরিচালকগণ ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হওয়ায় স্বতন্ত্র পরিচালক ডঃ স্বপন কুমার ধর এবং জনাব জামাল উদ্দিন ভূইঁয়া কে অবসর ও পুনর্নির্বাচনের আওতায় নেওয়া হয়নি।

২০। **আইসিবি মনোনীত পরিচালক ঃ** আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড শেয়ার বিক্রয় করায় তাদের শেয়ার ধারণ মোট পরিশোধিত শেয়ারের ২ শতাংশের কম হওয়ায় বর্তমানে প্রাতিষ্ঠানিকভাবে আইসিবি এবং তাদের মনোনীত কোন প্রতিনিধি পরিচালক কোম্পানির পরিচালনা পর্ষদে নেই।

২১। **চেয়ারম্যান হিসেবে মনোনয়ন প্রদানঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের ২৫৪তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক স্বতন্ত্র পরিচালক জনাব ডঃ স্বপন কুমার ধর কে চেয়ারম্যান হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে, যা অনুমোদনের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো।

২২। **ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ অনুমোদন ঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের ২৫১তম সভায় জনাব এ এইচ এম জাকারিয়া কে ব্যবস্থাপনা পরিচালক (সি.সি) হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে, যা অনুমোদনের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো।

২৩। **স্বতন্ত্র পরিচালক নিয়োগ অনুমোদন ঃ** স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ নূরুল হক ইন্তেকাল করায় তাহার পরিবর্তে জনাব জামাল উদ্দিন ভূইঁয়া এমবিএ কে ২৫৪তম পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ৩ বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পত্র নং- BSEC/ICAD/SRIC/2023/257/225 Dated September 03, 2023 পত্রে উল্লেখিত নির্দেশনা মোতাবেক কোম্পানির উদ্যোক্তা ও পরিচালকদের সম্মিলিতভাবে ৩০% শেয়ার ধারণ সম্পর্কিত শর্ত পরিপালনের জন্য অতিরিক্ত স্বতন্ত্র পরিচালক হিসেবে জনাব ডঃ মোঃ মজিবর রহমান এবং জনাব ডঃ মোঃ আব্দুস সালাম কে ৩ বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে। যা অনুমোদনের জন্য বার্ষিক সাধারণ সভায় আলোচ্যসূচীর মাধ্যমে উপস্থাপন করা হয়েছে।

২৪। **চলমান-ব্যবসায় প্রতিষ্ঠান ঃ** পরিচালনা পর্ষদ প্রত্যাশা করে যদি বর্তমান পরিস্থিতি এবং বিশ্ব অর্থনৈতিক সংকট যথাযথভাবে মোকাবেলা, ঋণ পুনঃতফসিলিকরণ, চলতি মূলধনের ব্যবস্থা করণ, উৎপাদন সক্ষমতা ও অবকাঠামোগত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা যায় তবে অত্র কোম্পানি ভবিষ্যতেও তার কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যেতে সক্ষম হবে।

২৫। **অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ঃ** কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি বিদ্যমান রয়েছে কমিটি নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করছে এবং এক্ষেত্রে একজন অভ্যন্তরীণ নিরীক্ষক ও কম্প্লায়েন্স কর্মকর্তা দায়িত্ব পালন করছেন।

**২৬। নিরীক্ষকের প্রতিবেদনে উল্লেখিত ০৮ (আট) টি বিষয়ে শর্তযুক্ত মতামত এবং ২ টি বিষয়ে গুরুত্ব আরোপের প্রেক্ষিতে আমাদের মন্তব্য নিম্নরূপ ঃ**

১. নিরীক্ষক মেশিনারিজ এর তালিকা ছাড়া অন্যান্য স্থায়ী সম্পদের তালিকা না পাওয়ায় সেগুলো যাচাই করতে পারে নাই বলে ১ নং শর্তে উল্লেখ করেছেন। এ বিষয়ে আমাদের মতামত হলো, স্থায়ী সম্পদ ব্যাতিরেকে কোম্পানিতে দালানকোঠা, ইলেকট্রিক/গ্যাস লাইন ইন্সটলেশন, গাড়ী ইত্যাদি সম্পদ রয়েছে। এ ধরনের সম্পদের সাধারণত মেশিনারিজের মত তালিকা করা হয় না এবং এ ধরণের সম্পদ সহজেই যাচাইযোগ্য।

২. কোম্পানির মজুদ পন্যের গুনগত মান যাচাই করতে না পারার কারনে ২নং শর্তের উল্লেখ করা হয়েছে। কোম্পানির মজুদ পন্যের সাথে কিছু পরিমান Damaged মালামাল রয়েছে, যে গুলোর গুনগত মান যাচাই করে ব্যাবহার উপযুক্ত মজুদ এর পরিমান নির্ধারন এবং প্রভিশন রাখার বিষয়ে পর্ষদের অনুমতিক্রমে যথাযথ পদক্ষেপ গ্রহণ প্রক্রিয়াধীন।

৩. কোম্পানির উৎপাদন কার্যক্রম দীর্ঘদিন বন্ধ থাকায় Account Receivable এর কিছু টাকা ডিলারদের নিকট বকেয়া রয়েছে। আমরা আশা করছি যেহেতু উৎপাদন ও বিক্রয় কার্যক্রম চালু রয়েছে এবং কোম্পানি কর্তৃক ডিলারদের সাথে নিয়মিত মৌখিক যোগাযোগ, লিখিত তাগাদাপত্র প্রেরণ, আইনি নোটিশ প্রেরণ এবং ক্ষেত্রবিশেষে মামলা করার মাধ্যমে Account Receivable এর বকেয়া আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

৪. অগ্রিম খাতে মোট ২০,৮৪৮,৩৭৮ টাকার মধ্যে অগ্রিম আয়কর বাবদ ১১,৫৫০,৪৫৭ টাকা এবং অসমন্বিত ভ্যাট বাবদ ৩,৪৩২,৬৮৬ টাকা সিকিউরিটি ডিপোজিট হিসাবে ৪৫৩,০৭০ টাকা রয়েছে, যেগুলোর সমন্বয় প্রকৃয়া দীর্ঘমেয়াদী। স্টাফদেরকে বেতন এবং অফিসিয়াল কাজের কারণে প্রদত্ত অগ্রিম দৈনন্দিন কাজের অংশ যা নিয়মিতভাবে সমন্বয় করা হয়।

৫. উত্তরা ব্যাংক লিঃ এর ঋণ হিসাবটি মন্দ ঋণে পরিণত হওয়ায় ব্যাংকটির সাথে মামলা চলমান রয়েছে। কোম্পানি বারবার ব্যাংকের নিকট থেকে হিসাব বিবরণী প্রদানের জন্য আবেদন করলেও ব্যাংকের নিকট থেকে যথাযথ হিসাব বিবরণী পাওয়া যায়নি।

৬. ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এর ঋণ হিসাবটি মন্দ ঋণে পরিণত হওয়ায় ব্যাংকটির সাথে মামলা চলমান রয়েছে। কোম্পানি বারবার ব্যাংকের নিকট থেকে হিসাব বিবরণী প্রদানের জন্য আবেদন করলেও ব্যাংকের নিকট থেকে যথাযথ হিসাব বিবরণী পাওয়া যায়নি।

৭. হজ্জ ফাইন্যান্স কোম্পানি লিমিটেড এর বিগত বছরের জের এর সাথে চলতি বছরে পরিশোধিত টাকা সমন্বয় করে অবশিষ্ট ১,২০৫,৩৬৭/- টাকা চলতি বছরের দায় নোট নং-২২.০২ এ দেখানো হয়েছে। যা নিয়মিত করা হয়েছে এবং কিস্তি চলমান আছে।

৮. কোম্পানি লোকসানে থাকায় Retained Earning Negative হয়েছে। CIB এর রিপোর্ট কোম্পানির অনুকূলে না থাকায় কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে আর্থিক সুবিধা নিতে পারেনা। যার ফলশ্রুতিতে কোম্পানি বিভিন্ন সময়ে তারল্য সংকটে পড়েছে। কারণ করোনা ভাইরাসের প্রার্দুভাব, কাঁচামালের উচ্চ মূল্য দুষ্প্রাপতায় উৎপাদন কার্যক্রম বন্ধ ছিল। বিআরপিডি সার্কুলার নং-৫ মোতাবেক ব্যাংকের ঋণ পুনঃতফসিলিকরণের জন্য আবেদন মঞ্জুর হলে আর্থিক সংকট দুর হবে বলে আশা করি। ইতোমধ্যে কারখানার উৎপাদন কার্যক্রম চালু হয়েছে, নিয়মিত উৎপাদন এবং বিক্রয় কার্যক্রম পরিচালনা করে সূচকের উন্নতি সাধনে সক্ষম হব।

**গুরুত্বারোপ বিষয়ঃ-**

১. কোম্পানি আইণের সংশ্লিষ্ট ধারাসমুহ পরিপালন সাপেক্ষে হিসাব বইসমুহ সংরক্ষণ করা হলেও কতিপয় মাসে ভ্যাট এর বিবরনী এবং আয়কর বিনরণী দাখিলে বিলম্ব হয়েছে যা বর্তমানে নিয়মিত রয়েছে।

২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিয়মানুযায়ী পুজিবাজারে তালিকাভূক্ত কোম্পানির ক্ষেত্রে স্বতন্ত্র পরিচালক ছাড়া, উদ্যোক্তা পরিচালক এবং পরিচালকদের শেয়ার ধারণ সম্মিলিতভাবে ৩০ শতাংশ থাকার বাধ্যবাধকতা রয়েছে। ICB Unit Fund তাদের শেয়ার বিক্রয় করায় কোম্পানির পরিচালকদের সম্মিলিত শেয়ার ধারণ দাড়ায় ১৩.৪৯ শতাংশ। কমিশন বরাবরে ৩০% শেয়ার ধারণের জন্য সময় চেয়ে আবেদন করা হয়েছে এবং দুইজন অতিরিক্ত স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে।

২৭। **মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন ঃ** মাননিয়ন্ত্রনের মাধ্যমে গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদন করে গ্রাহক সেবা সমুন্নত রাখতে কোম্পানি প্রশিক্ষিত জনবল দ্বারা উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করতে আন্তরিক। সে লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের পেশাগত দক্ষতা ও সার্বিক মান ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কারিগরি, তথ্য প্রযুক্তিগত ও আধুনিক প্রশিক্ষণে প্রশিক্ষিত করে পেশাগত জ্ঞানে দক্ষ করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২৮। **প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও)/পুনঃগণপ্রস্তাব (আরপিও)/রাইটস অফার (আরও) ঃ** কোম্পানিতে আলোচ্য সময়ে প্রাথমিক গণপ্রস্তাব, পুনঃগণপ্রস্তাব ও রাইটস অফার সংক্রান্ত কার্যাদি সংগঠিত হয়নি।

২৯। **পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হইতে প্রাপ্ত তহবিলের ব্যবহার ঃ** এ বছর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু করা হয়নি।

৩০। **ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদনের মধ্যে পরিবর্তন ঃ** আলোচ্য সময়ের বার্ষিক প্রতিবেদনের সাথে ত্রৈমাসিক প্রতিবেদনের উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়েছে। চলতি বছর বিক্রয় বৃদ্ধি হয়েছে, ফলে নীট ক্ষতি হলেও পূর্ববর্তী বছরের তুলনায় NOCFPS বৃদ্ধি পেয়েছে।

৩১। **প্রাতিষ্ঠানিক সুশাসন ঃ** আজিজ পাইপস্ লিঃ সর্বদাই সকল প্রকার আইন ও নীতিমালা এবং কর্পোরেট গভর্ন্যান্স কোড পরিপালনে অঙ্গীকারাবদ্ধ। প্রাতিষ্ঠানিক সুশাসন চলমান রাখার নিমিত্তে কোম্পানি বিএসইসি, ডিএসই, সিএসই ও অন্যান্য সরকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ম ও আইনকানুন কঠোরভাবে পালন করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত নোটিফিকেশন মোতাবেক কর্পোরেট গভর্ন্যান্স কোড পরিপালন সম্পর্কিত বিষয়ে ৪১তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিরীক্ষা প্রতিষ্ঠান এইচ এম এনাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে নিয়োগ করা হয়েছে।

৩২। **বহিঃনিরীক্ষক নিয়োগ ঃ** বর্তমান নিরীক্ষক মেসার্স আর্টিসান, চার্টার্ড একাউন্ট্যান্টস ২০২২-২০২৩ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে বার্ষিক সাধারন সভা কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়েছিল। সে মোতাবেক ৪২তম বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহণ করবে। ২০২৩-২০২৪ আর্থিক বছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য কয়েকটি প্রতিষ্ঠান আবেদন করেছেন। পরিচালনা পর্ষদ উক্ত আবেদনগুলি পর্যালোচনা করে এবং নিরীক্ষা কমিটির সুপারিশের আলোকে যোগ্য হওয়ায় বার্ষিক ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা পারিশ্রমিকে মেসার্স অনিল সালাম ইদ্রিস এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে ২০২৩-২০২৪ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় সুপারিশসহ উপস্থাপন করছে।

৩৩। **CGC পরিপালন বিষয়ে নিরীক্ষক নিয়োগঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং-BSEC /CMRRCD /2006-158/207/ Admin/80 তারিখ জুন ৩, ২০১৮ অনুযায়ী Corporate Governance Code কোম্পানি পরিপালন করছে কিনা এ বিষয়ে নিরীক্ষক বার্ষিক সাধারণ সভায় নিয়োগ করতে হবে। পরিচালনা পর্ষদ ২০২৩-২০২৪ আর্থিক বছরের CGC পরিপালন সম্পর্কিত বিষয়ে যে সকল নিরীক্ষা প্রতিষ্ঠানগুলি নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য আবেদন করেছে, তাদের আবেদনগুলি পর্যালোচনা করে এবং নিরীক্ষা কমিটির সুপারিশের আলোকে সর্বনিম্ন দরদাতা ও যোগ্য হওয়ায় ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা পারিশ্রমিকে এইচ এম এনাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে ২০২৩-২০২৪ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় সুপারিশসহ উপস্থাপন করছে।

৩৪। **Independent Scrutinizer নিয়োগঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের Directive No. BSEC/ CMRRCD/ 2009-193/০৮ তারিখ মার্চ ১০, ২০২১ অনুযায়ী কোম্পানির ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত আর্থিক বছরের Digital Platform এ অনুষ্ঠিতব্য ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভা (৪২তম) যথাযথভাবে নিয়মনীতি পরিপালন করেছে কিনা, সে বিষয়ে Independent Scrutinizer নিয়োগ করতে হবে। উক্ত Independent Scrutinizer বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বা সংযুক্ত থেকে Voting সহ অন্যান্য কার্যাদি যথাযথভাবে পরিপালন বিষয়টি নিরীক্ষণ করবে এবং বার্ষিক সাধারণ সভা শেষে যথাসময়ে কমিশন বরাবরে প্রতিবেদন দাখিল করবেন। কোম্পানির ৪২তম বার্ষিক সাধারণ সভায় Independent Scrutinizer হিসেবে নিয়োগের জন্য নিরীক্ষা প্রতিষ্ঠানের আবেদন এর উপরবিস্তারিত আলোচনা শেষে অডিট কমিটির সুপারিশ, কাজের পূর্ব অভিজ্ঞতা ও যোগ্য হওয়ায় এস জাভেদ এন্ড কোং, চ্যার্টার্ড একাউনটেন্টসকে কার্যসম্পাদনের জন্য Independent Scrutinizer হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

৩৫। **অডিট কমিটি ঃ** অডিট কমিটি চারজন পরিচালক নিয়ে গঠিত। অডিট কমিটির উদ্দেশ্য হচ্ছে কোম্পানির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুনির্দিষ্ট ও সূচারুরূপে পরিচালনা নিশ্চিত করা এবং পরিচালনা পর্ষদকে তথ্য প্রদান করে সহযোগিতা করা। তাছাড়াও বার্ষিক হিসাব বিবরণী ও ত্রৈমাসিক (Quarterly) হিসাব বিবরণীসমূহ পর্যালোচনা করে মতামতসহ পরিচালনা পর্ষদে উপস্থাপনের সুপারিশ করা। অডিট কমিটির প্রতিবেদন আর্থিক প্রতিবেদনের ১৬নং পৃষ্ঠায় প্রকাশ করা হয়েছে। বর্তমানে জনাব জামাল উদ্দিন ভূইঁয়া অডিট কমিটির চেয়ারপারসনের দায়িত্ব পালন করছেন।

৩৬। **নমিনেশন অ্যান্ড রিমিউনারেশন কমিটি** (NRC) ঃ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition No. ৬ মোতাবেক কোম্পানির বোর্ডে সাব কমিটি হিসেবে Nomination and Remuneration Committee (NRC) দায়িত্ব পালন করছে। ২০২২-২০২৩ আর্থিক বছরে কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। NRC এর প্রতিবেদন বার্ষিক প্রতিবেদনের ১৯ নং পাতায় প্রকাশ করা হয়েছে।

৩৭। **জাতীয় কোষাগারে অবদান ঃ** কোম্পানি আলোচ্য সময়ে জাতীয় কোষাগারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ২৫.০০ লক্ষ টাকা কর/ভ্যাট/শুল্ক প্রদান করেছে।

৩৮। **আর্থিক বিবৃতির ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা এর আর্থিক প্রতিবেদনের দায়বদ্ধতা ঃ** আর্থিক বিবৃতি পরিক্ষা করা এবং সনদ প্রদান করা ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তার দায়িত্ব। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা (সি.সি) অক্টোবর ২৬, ২০২৩ তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় সনদ উপস্থাপন করেন, যা বার্ষিক প্রতিবেদনের ২১নং পাতায় Annexure-A তে সন্নিবেশিত করা হয়েছে।

৩৯। **ঝুঁকি ব্যবস্থাপনাঃ** আমাদের ব্যবসা প্রতিষ্ঠানের বাহ্যিক ও অভ্যন্তরীণ বিভিন্ন ঝুঁকি রয়েছে। ব্যাংক দায় পরিশোধের ক্ষেত্রে কোম্পানির ঝুঁকি রয়েছে। তাছাড়া চলতি মূলধনের অভাব, প্রতিযোগী কোম্পানির সাথে প্রতিযোগিতা, আইনী বিষয় ইত্যাদি ক্ষেত্রে ঝুঁকি মোকাবেলার জন্য কোম্পানিকে প্রস্তুতি নিতে হবে। আজিজ পাইপস্ লিমিটেড ঝুঁকিসমূহ মোকাবেলায় সার্বক্ষণিক পর্যবেক্ষণের মধ্যে রয়েছে। কোম্পানি যথাযথ পদক্ষেপ গ্রহণ করে ঝুঁকিসমূহ কাটিয়ে উঠতে সামর্থ্য হবে বলে আশা করা যায়।

৪০। **আর্থিক ফলাফলের অবস্থা ও অন্যান্য ডাটা ঃ** ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত বছর ও বিগত পাঁচ বৎসরের আর্থিক ফলাফলের অবস্থা ও অন্যান্য ডাটা চিত্র নিম্নে তুলে ধরা হলোঃ

| **Particulars** | **30 June, 2023** | **30 June, 2022** | **30 June, 2021** | **30 June, 2020** | **30 June, 2019** |
|---|---|---|---|---|---|
| Financial Position & Others Data: | | | | | (Restated) |
| Total Assets | 375,533,357 | 411,319,109 | 350,562,050 | 436,862,966 | 475,243,447 |
| Total Non-Current Assets | 237,973,094 | 244,312,176 | 249,740,427 | 254,597,932 | 261,184,330 |
| Total Current Assets | 137,560,263 | 167,006,932 | 100,821,622 | 182,265,034 | 214,059,117 |
| Shareholder Equity | (141,299,691) | (104,779,310) | (80,704,973) | (76,042,917) | (73,954,068) |
| Total Liabilities | 516,833,047 | 516,098,416 | 550,915,619 | 512,905,884 | 549,197,516 |
| Total Non-Current Liabilities | 270,831,567 | 273,703,565 | 431,267,023 | 350,365,873 | 386,963,590 |
| Total Current Liabilities | 246,001,480 | 242,394,851 | 119,648,596 | 162,540,011 | 162,233,926 |
| Authorized Capital | 500,000,000 | 500,000,000 | 500,000,000 | 500,000,000 | 500,000,000 |
| Paid-up Capital | 53,471,250 | 53,471,250 | 53,471,250 | 53,471,250 | 53,471,250 |
| Dividend Recommended | No Dividend | No Dividend | No Dividend | 1% Cash | 7% Cash |
| Current Ratio | 0.56 | 0.69 | .84 | 1.11 | 1.32 |
| Debt Eqiuty Ratio | (3.66) | (4.93) | (5.34) | (6.74) | (6.18) |
| Gross Margin Ratio | (35.51) | (81.09) | 11% | 14% | 11% |
| Net Assets Value per share | (26.43) | (19.60) | (15.09) | (14.22) | (13.83) |
| Net Operating Cash Flows Per Share | 0.25 | (0.60) | 0.14 | 8.02 | 10.51 |
| Earnings per share | (6.87) | (4.54) | (0.82) | .26 | .91 |

৪১। **পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ঃ** পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত রয়েছেন।

৪২। **কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা ঃ** কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তার পদসমূহে পৃথক পৃথক কর্মকর্তা নিয়োজিত রয়েছেন।


৪৩। **সামাজিক দায়বদ্ধতা ঃ** প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ফরিদপুরে মসজিদ উন্নয়নে সহায়তা অব্যাহত রয়েছে।

৪৪। **পরিচালকদের সম্মানি ঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়কে মাসিক ৫,০০০/- টাকা সম্মানি প্রদান করা হয়। এছাড়া স্বতন্ত্র পরিচালক ও অন্যান্য পরিচালকগণ কেবলমাত্র পর্ষদ সভা ও সাব কমিটি সভায় উপস্থিতির জন্য সম্মানি পেয়ে থাকেন, তাঁদেরকে আর কোন সম্মানি প্রদান করা হয় না। উল্লেখ্য উদ্যোক্তা পরিচালক জনাব মোহাম্মদ আব্দুল হালিম সভায় উপস্থিতির জন্য স্বপ্রণোদিত হয়ে সম্মানি গ্রহণ করেননা।

৪৫। **কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ৩ জুন ২০১৮ তারিখের Corporate Governance Code অনুযায়ী "কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট" Annexure-B I C বার্ষিক প্রতিবেদনের ২২ ও ২৩নং পৃষ্ঠায় প্রকাশ করা হয়েছে।

৪৬। **কৃতজ্ঞতা স্বীকার ঃ** পরিশেষে, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, ক্রেতাবর্গ, ডিলারগণ, সরবরাহকারী, কর্মকর্তা কর্মচারীবৃন্দ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন এজেন্সীকে সকল প্রকার সহযোগিতা করার জন্য কোম্পানির পরিচালনা পর্ষদ কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন করছে। কোভিড-১৯ প্রাদূর্ভাব এবং পরবর্তী সময়ে কোম্পানি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং নানা প্রতিকূলতায় সার্বিক কার্যক্রম ব্যাহত করেছে। কোম্পানির দৃঢ়তার সাথে বিরূপ প্রতিকূলতাগুলি অনুকূলে নিয়ে চলতি মূলধন সংগ্রহের মাধ্যমে প্রবৃদ্ধি ও মুনাফা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রেখে সাফল্যের ধারায় ফিরবে বলে আশাবাদ ব্যক্ত করছি। মহান সৃষ্টিকর্তা আমাদের সহায় হোন।

ধন্যবাদান্তে,
পরিচালনা পর্ষদের পক্ষে,



**(ডঃ স্বপন কুমার ধর)**
চেয়ারম্যান